The Weekly Bangla Patrika
সফলতার ২৮ বছর পেরিয়ে ২৯এ পদার্পণ
# বাংলা পত্রিকা
www.banglapatrikausa.com
বর্ষ ২৯ সংখ্যা ০৫ সোমবার কার্তিক ০৬ ১৪৩১ / রবিউস সানি ১১৭, ১৪৪৬ / Vol. 29 / Issue 05 / October 21, 2024 USA. Free in NY, Other State $1

Aladdin
আলাদিন
২৯-০৬ ৩৬ এভিনিউ এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Aladdin Tel: 718-784-2554

## নিউইয়র্কে ৭১ হাজার নতুন অ্যাপার্টমেন্ট চালু

**বাংলা পত্রিকা রিপোর্ট:** আবাসন সমস্যায় নিউইয়র্কে ৭১ হাজার নতুন অ্যাপার্টমেন্ট চালু হয়েছে বলে জানিয়েছেন সিটি গভর্নর ক্যাথি *(বাকি অংশ ৩ এর পাতায়)*

## নিউইয়র্কের ১৭ হাজারের বেশি সেতু জরাজীর্ণ

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কের প্রায় ১৭ হাজারেরও বেশি সেতু জরাজীর্ণ অবস্থায় রয়েছে। এছাড়া প্রায় ১০ শতাংশ সেতুর কাঠামোগত ঘাটতিও রয়েছে। গত ১৭ অক্টোবর বৃহস্পতিবার আমেরিকান রোড অ্যান্ড ট্রান্সপোর্টেশন বিল্ডার্স এসোসিয়েশনের রিপোর্টে এই তথ্য প্রকাশ করা হয়। রিপোর্ট বলা হয়, জরাজীর্ন সেতুর তালিকায় নিউইয়র্ক ১১ তম স্থানে আছে। তালিকার সবচেয়ে খারাপ সেতুগুলোর মধ্যে ১০টি নিউইয়র্কে। এই তালিকার ২৭তম স্থানে নিউজার্সী এবং ৩৬ তম স্থানে কানেকটিকাটের নাম উঠে এসেছে। আমেরিকান রোড *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

# রোববার বাংলাদেশ সোসাইটির নির্বাচন

## ‘রুহুল-জাহিদ’ ও সেলিম-আলী’ প্যানেলের প্রচারণায় কমিউনিটিতে উৎসবের আমেজ: হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের ‘আমব্রেলা’ সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির কার্যকরী পরিষদের দ্বি-বার্ষিক (২০২৪-২০২৫) নির্বাচন আগামী ২৭ অক্টোবর রোববার। এবারের নির্বাচনে মোট সদস্য হচ্ছে প্রায় ১৯ হাজার। এরমধ্যে আজীবন সদস্য ৮৫৩জন। নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। এবারের নির্বাচনে ‘রুহুল-জাহিদ’ ও ‘সেলিম-আলী’ প্যানেল সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছে। এই দুই প্যানেল থেকে সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদে ৩৭জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ‘সেলিম-আলী’ প্যানেলের একজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। এদিকে নির্বাচন ঘিরে ভোট প্রার্থনায় প্যানেল দুটির প্রার্থীরা দ্বারে দ্বারে ঘুরছেন, করছেন সভা-সমাবেশ, চলছে নানাভাবে প্রচারণা। গভীর রাত পর্যন্ত চলছে প্রচারণা। বলা যায় সোসাইটির নির্বাচনী প্রচারণা এখন তুঙ্গে। ইসি জানিয়েছে



রুহুল আমিন   জাহিদ মিন্টু

এবারও সিটির কেন্দ্রে ভোট গ্রহণ করা হবে এবং মেশিনে ভোট নেয়া হবে।

এদিকে বাংলাদেশ সোসাইটির নির্বাচন ঘিরে কমিউনিটিতে নানা জল্পনা-কল্পনা চলছে। জ্যামাইকা

### শেষ মুহূর্তে ভোটারদের মন জয় করতে প্রার্থীদের নানা প্রতিশ্রুতি

থেকে ম্যানহাটান আর ব্রুকলীন থেকে ব্রঙ্কস মাঝে ওজনপার্ক, জ্যাকসন হাইটস, এস্টোরিয়া, ব্রঙ্কস প্রভৃতি এলাকায় দিন-রাত ছলছে উভয় প্যানেলের নির্বাচনী প্রচার-প্রচারণা। তবে সন্ধ্যাপর থেকে মধ্য রাত পর্যন্ত জমে উঠছে নির্বাচনী সভা, বৈঠক। পাশাপাশি চলছে রং বে রং-এর পোস্টারিং আর স্ট্রীট জনসংযোগ। চলছে সর্বশেষ সভা-সমাবেশ। কোথাও কোথাও নির্বাচনী সমাবেশ ‘জনসভায়’ রূপ নিচ্ছে। শনিবার (১৯ অক্টোবর) সন্ধ্যায় ‘রুহুল-জাহিদ’ প্যানেল ব্রুকলীনের রাজপথে প্যান্ডেল তৈরী করে দেশের স্টাইলে সোসাইটির ইতিহাসে প্রথমবারের মতো ‘নির্বাচনী জনসভা’ করেছে। যা


আতাউর রহমান সেলিম


মোহাম্মদ আলী

অনেকেরই দৃষ্টি কেড়েছে। শীতের ঠান্ডা উপক্ষো করে এতে বিপুল সংখ্যক প্রবাসীর অংশগ্রহণ ছিলো লক্ষণীয়। সোসাইটিতে পরপর দুইবারের নির্বাচিত বর্তমান সাধারণ সম্পাদক *(বাকি অংশ ২ এর পাতায়)*

# বাংলাদেশে ধোঁয়াশায় নির্বাচন

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নির্বাচনের তারিখ ঘোষণা নিয়ে কাটছে না ধোয়াশা। তৃতীয়বারের মতো রাজনৈতিক দলগুলোর সাথে সংলাপ অনুষ্ঠিত হলেও, প্রধান উপদেষ্টার কাছ থেকে নির্বাচন অনুষ্ঠানের সুনির্দিষ্ট দিন-ক্ষণ পাওয়া যায়নি, মেলেনি কোনো ইঙ্গিত। প্রথম সংলাপে না হলেও, পরের দুটি সংলাপে রাজনৈতিক দলগুলোর কাছ থেকে দাবি এসেছে দিন-ক্ষণ জানাবার। পাশাপাশি, যৌক্তিক সময়ে রাষ্ট্র সংস্কারে, নিজ দলের সহযোগিতার কথাও জানিয়েছেন তারা। জবাবে প্রধান উপদেষ্টা তাদেরকে জানিয়েছেন, গত ১৬টি বছর ভোটের উৎসবে শামিল হতে পারেননি ভোটাররা। দিতে পারেননি তাদের ভোট। হারিয়ে যাওয়া ভোট দীর্ঘ দিনের অনুপস্থিতর মাঝে সেপ্টেম্বরে, সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ জামান আর্ন্তজাতিক গণমাধ্যম রয়টার্সকে একটি সাক্ষাতকার দিয়েছেন। যেখানে তিনি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্যের কথা বলেছেন। সেই সাথে আগামী দেড় বছরের মধ্যে যাতে নির্বাচন অনুষ্ঠিত হতে পারে, সেজন্য সব



ধরনের সহযোগিতার কথা বলেছেন সেনাপ্রধান। তার এই বক্তব্যের পর, রাজনৈতিক দলগলোর মধ্যে এক ধরনের আশার সঞ্চার হলেও, পরবর্তীতে তার সেই কথা প্রত্যাখান করে বলা হয়, এটি সরকারের কোনো বক্তব্য নয়। সেনাপ্রধানের নিজস্ব মত। প্রধানমন্ত্রীর প্রেস সেক্রেটারী শফিকুল আলম বলেছিলেন, এটা সেনাবাহিনী প্রধানের নিজস্ব মত। নির্বাচন কবে হবে? ৮, ১২ না ১৬ মাস....তা এখনই নির্ধারণ করা যাচ্ছে না। এরপর থেকেই নির্বাচন নিয়ে অন্যান্য রাজনৈতিক দলগুলো প্রকাশ্যে কিছু না বললেও, ঘুরিয়ে ফিরিয়ে নির্বাচনের গুরুত্ব তুলে ধরে।

গণতন্ত্রের স্বার্থে নির্বাচনের গুরুত্ব নিয়েও প্রধান রাজনৈতিক দল বিএনপি-জামায়াতের বিভিন্ন পর্যায়ের নেতাদের বক্তব্যে ফুটে উঠেছে। বিভিন্ন ব্যানারে অনুষ্ঠিত সভা-সেমিনারে বক্তারা নির্বাচন ও গণতন্ত্র শীর্ষক আলোচনায় অংশ নিয়ে নির্বাচনের প্রয়োজনীয়তার কথা বলেছেন। এরই মধ্যে, ১৭ অক্টোবর রাতে, একটি বেসরকারী গণমাধ্যমে *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

## নতুন নেতৃত্ব আসুক বাংলাদেশ সোসাইটিতে

যুক্তরাষ্ট্রে বাঙালি কমিউনিটির প্রাণের সংগঠন বাংলাদেশ সোসাইটি। আসন্ন বাংলাদেশ সোসাইটির নির্বাচনে কমিউনিটির প্রত্যাশা ও কল্যাণে নতুনদের নেতৃত্বের বিকল্প নেই। বাঙালি কমিউনিটির প্রত্যাশাকে বাস্তবে রূপ দিতে সেলিম-আলীর নেতৃত্বাধীন প্যানেলের সকল প্রার্থীরা সময়পযোগী সিদ্ধান্ত নিতে বদ্ধপরিকর। তাই ২৭ অক্টোবরের নির্বাচনে সেলিম-আলীর প্যানেলের পক্ষে আপনাদের সুচিন্তিত রায় ও ভোট প্রদানের মাধ্যমে কল্যাণমুখী বাংলাদেশ সোসাইটি গঠনে সহযোগিতা করুন। তাছাড়া কমিউনিটির অত্যন্ত সুপরিচিত ব্যাক্তিত্ব বাংলাদেশ সোসাইটির প্রাক্তণ প্রেসিডেন্ট মরহুম কামাল আহমদের কন্যা রুমানা আহমদকে (রুহুল-জাহিদ পরিষদের) সাহিত্য সম্পাদক পদে ভোট দিয় জয়যুক্ত করুন।



অনুরোধক্রমে
Shamser Ali, President & CEO
APOLLO INSURANCE BROKERAGE INC.

## ট্রাম্পের পক্ষে ৩ কোটি ডলারের বাজি, ভোট নিয়ে জমে উঠেছে অনলাইন জুয়া

**বাংলা পত্রিকা ডেস্ক:** আর মাত্র কয়েক সপ্তাহ পর অনুষ্ঠিত হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। বিভিন্ন জরিপে ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস এগিয়ে থাকলেও প্রচার-প্রচারণায় মোটেও পিছিয়ে নেই রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। এবার পলি মার্কেটে ট্রাম্পের পক্ষে চারটি অ্যাকাউন্টে ৩ কোটি ডলারেরও বেশি বাজি ধরেছে। হাইপ্রোফাইল আমেরিকানরা এই বাজির পেছনে থাকতে পারেন বলে ধারণা করছে রাজনৈতিক বিশ্লেষকগন। খবরে প্রকাশ, ভাটের দিন যত ঘনিয়ে *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮


যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন
APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
QATAR ARC
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

# রোববার বাংলাদেশ সোসাইটির নির্বাচন

'রুহুল-জাহিদ' প্যানেলের প্রতিদন্দ্বী প্রার্থীরা













'সেলিম-আলী' প্যানেলের প্রতিদন্দ্বী প্রার্থীরা

*(প্রথম পাতার পর)* রুহুল আমীন সিদ্দিকী ও বৃহত্তর নোয়াখালী সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক জাহিদ মিন্টুর নেতৃত্বে গঠিত হয়েছে 'রুহুল-জাহিদ' প্যানেল। সোসাইটির বর্তমান সভাপতি ও গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি আব্দুর রব মিয়া সহ সোসাইটির বর্তমান, সাবেক কর্মকর্তা ও নতুন মুখ নিয়ে গঠন করা হয়েছে 'রুহুল-জাহিদ' প্যানেল।

'রুহুল-জাহিদ' প্যানেল

'রুহুল-জাহিদ' প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- রুহুল আমিন সিদ্দিকী, সিনিয়র সহ সভাপতি- ফারুক চৌধুরী, সহ সভাপতি- আমিনুল ইসলাম চৌধুরী, সাধারণ সম্পাদক- জাহিদ মিন্টু, সহ সাধারণ সম্পাদক- সরওয়ার খান বাবু, কোষাধ্যক্ষ- মোহাম্মদ নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ এস সাদী, সাংস্কৃতিক সম্পাদক- মনিকা রায় চৌধুরী, সমাজসেবা সম্পাদক- নাদির আহমেদ আইয়ুব, সমাজসেবা সম্পাদক- রোমানা আহমদ, ক্রিড়া সম্পাদক ও আপ্যায়ন সম্পাদক- আলমগীর হোসেন, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক- শাহনাজ হোসেন। কার্যকরি কমিটির সদস্য পদের প্রার্থীরা হলেন- মোহাম্মদ রব মিয়া, মোহাম্মদ তাজু মিয়া, এমডি এন ইসলাম, রফিকুল ইসলাম ডালিম ও সাইফুল ইসলাম। পরিচয় পর্ব শেষে সকল প্রার্থী অতি সংক্ষেপে নিজেদের নাম ও পরিচয় তুলে ধরেন। এই প্যানেলের ট্রাম্প কার্ড হিসেবে দেখা হচ্ছে তিন নারী প্রার্থীকে। এদের মধ্যে সমাজসেবা সম্পাদক রোমানা আহমদ হচ্ছেন বাংলাদেশ সোসাইটির মরহুম সভাপতি কামাল আহমেদের কন্যা।

নির্বাচন প্রসঙ্গে রুহুল আমীন সিদ্দিকী ও জাহিদ মিন্টু বলেন, সবার সহযোগিতায় ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে পরিক্ষিত সৎ ও নিষ্ঠাবান 'বাংলাদেশ সোসাইটি ভবন ও কমিউনিটি সেন্টার' প্রতিষ্ঠাই আমাদের প্রধান নির্বাচনী প্রতিশ্রুতি।

অপরদিকে বাংলাদেশ সোসাইটি ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম ও সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলীর নেতৃত্বে গঠিত হয়েছে 'সেলিম-আলী' প্যানেল। এই প্যানেলেও রয়েছে সোসাইটির বর্তমান, সাবেক কর্মকর্তা ও নতুন মুখ।

'সেলিম-আলী' প্যানেল

'সেলিম-আলী' প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজজামান কামরুল, সাধারণ সম্পাদক- মোহাম্মদ আলী, সহকারী সাধারণ সম্পাদক- আবুল কালাম ভুইয়া, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভুইয়া রুমী, সাংগঠনিক সম্পাদক- ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, প্রচার ও জনসংযোগ সম্পাদক- রিজু মোহাম্মদ (বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত), সমাজকল্যাণ সম্পাদক- জামিল আনসারী, সাহিত্য সম্পাদক- মোহাম্মদ এ আখতার বাবুল, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আশরাফ আলী খান লিটন, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক- হাসান জিলানী এবং কার্যকরী সদস্য যথাক্রমে মোহাম্মদ সাদিক, আবুল কাশেম চৌধুরী, মনসুর আহমেদ, আল হারুন, জাহাঙ্গীর সোহরাওয়ার্দী ও হাসান খান।

নির্বাচন প্রসঙ্গে আতাউর রহমান সেলিম ও মোহাম্মদ আলী বলেন, সোসাইটির নির্বাচনে আমাদের প্রতিশ্রুতি কমিউনিটিকে ঐক্যবদ্ধ করে মূলধারায় শক্ত অবস্থান প্রতিষ্ঠা, নতুন প্রজন্মের সাথে সোসাইটির সেতু বন্ধন সুদৃঢ় করে গণমুখী, কল্যাণকর ও জবাবহিতামূলক সার্বজনীন সংগঠনে রূপান্তর করা।

নির্বাচন বিষয়ে প্রধান জামাল আহমেদ জনি শনিবার (১৯ অক্টোবর) ইউএনএ প্রতিনিধিকে জানান, ৫টি ভোট কেন্দ্রে এবারের নির্বাচনের ভোট গ্রহণ করা হবে। কুইন্সে একাধিক ভোট কেন্দ্র ছাড়াও ব্রুকলীন, ব্রঙ্কস আর ওজনপার্কে ভোট কেন্দ্র স্থাপন করা হবে। তিনি বলেন, অতীতের মতো এবারের নির্বাচনও ফ্রি এন্ড ফেয়ার হবে। এজন্য কমিশন সকল প্রস্তুতি চালিয়ে যাচ্ছে। চলছে পুলিং কর্মকর্তা নিয়োগ সহ অন্যান্য প্রস্তুতি। সবমিলিয়ে বলতে পারি সকল প্রস্তুতি-ই সম্পন্ন। উল্লেখ্য, ৭ সদস্যের কমিশনের অন্য সদস্যরা হলেন- আব্দুল হাকিম মিয়া, মোহাম্মদ আনোয়ার হোসেন, আব্দুল মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন, মাহবুবুর রহমান বাদল ও আহবাব চৌধুরী খোকন।

আরো উল্লেখ্য, গত নির্বাচনে সোসাইটির ভোটার ছিলেন ২৭ হাজার ৫৫০জন। অতীতের মতো এবারের নির্বাচনেও বৃহত্তর সিলেটবাসী ও নোয়াখালীবাসী ছাড়াও চাঁদপুরবাসী, চট্টগ্রামবাসী ও মুন্সীগঞ্জ-বিক্রমপুরবাসী সহ বিভিন্ন আঞ্চলিক সংগঠনগুলো নেপথ্যে ভূমিকাও গণ্য হচ্ছে। সোসাইটির সদস্য নবায়নে প্রতিটি ফরম জনপ্রতি ২০ ডলার। আজীবন সদস্য ফি স্বামী-স্ত্রী ৫০০ ডলার। নগদ অথবা ক্রেডিট কার্ডের মাধ্যমে এই অর্থ পরিশোধ করা যায়। যে কেউ বা দম্পতি যখন-তখন সোসাইটির সদস্য হতে পারেন। তবে উল্লেখিত সদস্যরাই এবারের নির্বাচনে ভোট দিতে পারবেন।



# ‘ক্লান্ত’ মানুষ বলে কমলার কটাক্ষ, জবাব দিলেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচনে রিপাবলিকান দলের প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে ‘ক্লান্ত’ মানুষ বলে কটাক্ষ করেছেন ডেমোক্রেটিক দলের প্রার্থী কমলা হ্যারিস। শুক্রবার মিশিগানে কমলা বলেন, সংবাদমাধ্যমে ট্রাম্পের সাক্ষাৎকার বাতিল করার খবর আসছে, কারণ তিনি ক্লান্ত। এই কটাক্ষের উত্তরে ট্রাম্পও বলেন, ৪৮ দিন ধরে বিশ্রামহীন চলছেন তিনি। তবে একটুও ক্লান্ত নন তিনি বরং উচ্ছ্বসিত। এসময় কমলাকে নির্বাচনে হারাবেন বলেও দাবি করেন তিনি।



খবরে প্রকাশ, আগামী ৫ নভেম্বর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনে ভোট গ্রহণ। শেষ মুহূর্তের প্রচারণায় প্রার্থীরা ব্যস্ত সময় পার করছেন। বিরতিহীনভাবে তাঁদের দেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছুটে বেড়াতে হচ্ছে। এরইমধ্যে গত সপ্তাহে প্রতিদ্বন্দ্বী ডোনাল্ড ট্রাম্পের সুস্থতা নিয়ে অস্বচ্ছতার অভিযোগ তুলেছিলেন ডেমোক্র্যাট দলীয় প্রার্থী ও বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। হ্যারিস বলেছেন, নির্বাচনি প্রচারণায় যথেষ্ট সামর্থ্য না থাকায় মিশিগানের গ্র্যান্ড র‍্যাপিডসে একটি সমাবেশ বাতিল করেছেন ট্রাম্প। শুক্রবার গ্র্যান্ড র‍্যাপিডসের জনসভায় কমলা আরও বলেন, ট্রাম্প যদি শেষ দিকের নির্বাচনী প্রচারণার ধকল সহ্য করতে না পারেন, তাহলে নির্বাচিত হলে দ্বিতীয় বার প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালনের সামর্থ্য রয়েছে কি না ট্রাম্পের সে প্রশ্নও তুলেছেন তিনি। ট্রাম্প সম্প্রতি কয়েকটি সাক্ষাৎকার ও বিতর্ক অনুষ্ঠানের প্রস্তাব এড়িয়ে গেছেন। তাঁর নির্বাচনী শিবির থেকে এর কারণ জানানো হয়নি। শুক্রবার কমলার কটাক্ষের উত্তরে ডেট্রয়েটে ট্রাম্প সাংবাদিকদের বলেন, ‘৪৮ দিন ধরে তিনি বিশ্রামহীন চলছেন। তবে তিনি একটুও ক্লান্ত হননি। নিজেকে উচ্ছ্বসিত দাবি করে ট্রাম্প বলেন, তিনি কমলাকে ভোটে হারাবেন। রোববার ৬০ বছরে পা দিচ্ছেন কমলা। ট্রাম্পের বয়স ৭৮ বছর। এবারের নির্বাচনী প্রচারের শুরু থেকেই বয়স একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে উঠেছে। বিশেষ করে বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন যখন নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতায় ছিলেন। বাইডেনের বয়স ৮১ বছর। বয়সজনিত সমালোচনার কারণেই পরে নির্বাচন থেকে সরে দাঁড়ান বাইডেন। তাঁর জায়গায় ডেমোক্রেটিক দলের প্রার্থী হন কমলা।

ট্রাম্প নন প্রেসিডেন্ট হিসেবে চীনের পছন্দ কমলা

এদিকে আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন সামনে রেখে এখন প্রচারে ব্যস্ত সময় কাটছে দুই প্রার্থী ডোনাল্ড ট্রাম্প ও কমলা হ্যারিসের। বিভিন্ন দেশের সমর্থন আদায়েও কাজ চালিয়ে যাচ্ছেন দুই প্রার্থী। এবার নির্বাচনে কমলা হ্যারিসকে নিজেদের সমর্থন দিয়েছে চীন। চীনের জাতীয় উপদেষ্টা সংস্থার একজন সিনিয়র সদস্য বৃহস্পতিবার (১৭ অক্টোবর) বলেছেন, পরবর্তী প্রেসিডেন্ট হিসাবে ডোনাল্ড ট্রাম্পের চেয়ে কমলা হ্যারিসকে পছন্দ করবে চীন। কারণ ট্রাম্প পূর্বে প্রেসিডেন্ট থাকাকালে দ্বিপাক্ষিক সম্পর্কের তীব্র অবনতি ঘটেছিল।




# কমলা হ্যারিসকে ভোট দিলেন শতবর্ষী সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার সম্প্রতি ১০০ বছর বয়সে পা রেখেছেন। সেদিন তিনি ঘোষণা দিয়েছিলেন, প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিসকে ভোট দিচ্ছেন। কার্টার সেন্টারের তথ্যমতে, সাবেক এই ডেমোক্র্যাট নেতা জর্জিয়ায় মেইলের মাধ্যমে তাঁর ভোট দিয়েছেন। জিমি কার্টার যুক্তরাষ্ট্রের সবচেয়ে বয়স্ক সাবেক প্রেসিডেন্ট যিনি ১৯৭৭ থেকে ১৯৮১ সাল পর্যন্ত, স্নায়ুযুদ্ধের যুগে দায়িত্ব পালন করেছিলেন। এরপর তিনি বিশ্বকূটনীতির বিষয়ে নিজের দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করার জন্য অলাভজনক সংস্থা কার্টার সেন্টার প্রতিষ্ঠা করেন।

# সিদ্ধান্তহীন ভোটারদের দুয়ারে কমলা, ইউক্রেন নিয়ে মন্তব্য করে বিতর্কে ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাট দলের প্রার্থী কমলা হ্যারিস এবং রিপাবলিকার দলের প্রার্থী ডোনাল্ড ট্রাম্প সিদ্ধান্তহীন ভোটারদের দৃষ্টি আকর্ষণে জোর তৎপরতা চালিয়ে যাচ্ছেন। গত ১৭ অক্টোবর বৃহস্পতিবার কমলা হ্যারিস সুইং স্টেট উইসকনসিনে তার নির্বাচনী সমাবেশ করেন আর তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী ডোনাল্ড ট্রাম্প এ সময় এক সাক্ষাৎকারে যুদ্ধরত ইউক্রেনের প্রেসিডেন্টকে নিয়ে সমালোচনায় মেতে ওঠেন।

খবরে প্রকাশ, প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে সিদ্ধান্তহীনতায় ভোগা ভোটারদের কাছে টানার চেষ্টা চালিয়ে যাচ্ছেন ডেমোক্রেটিক প্রার্থী কমলা হ্যারিস। দোদুল্যমান অঙ্গরাজ্য উইসকনসিনে সমাবেশ করেছেন তিনি। এদিকে পিবিডি পডকাস্টে দেওয়া সাক্ষাৎকারে ইউক্রেন যুদ্ধসংক্রান্ত একটি মন্তব্য করে বিতর্কের মুখে পড়েছেন রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। আগামী ৫ নভেম্বর প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। বিভিন্ন জরিপ অনুসারে, জাতীয়ভাবে ও গুরুত্বপূর্ণ কয়েকটি অঙ্গরাজ্যে এখন পর্যন্ত ট্রাম্পের চেয়ে সামান্য ব্যবধানে এগিয়ে আছেন কমলা। নির্বাচনের কয়েক সপ্তাহ ভোটারদের সমর্থন পেতে দুই প্রার্থীর হয়ে উচ্চতর পর্যায়ের ব্যক্তি ও ধনকুবেররাও মাঠে নামছেন। পেনসিলভানিয়ায় ধনকুবের ইলন মাস্ককে বেশ কয়েকবারই ট্রাম্পের হয়ে প্রচারণায় অংশ নিতে দেখা গেছে। উইসকনসিন অঙ্গরাজ্যের লা ক্রসে শহরে সমাবেশে অংশ নেন কমলা। সেখানে কমলা বলেন, ডোনাল্ড ট্রাম্প একজন খামখেয়ালি মানুষ। ওভাল অফিসে আবারও তাঁর পদচিহ্ন পড়লে তার পরিণতি খুব বাজে হবে। উইসকনসিনের সবচেয়ে বড় শহরগুলোর একটি গ্রিন বে। সেখানেও সমাবেশ করেছেন কমলা। তিনি উইসকনসিনের তরুণ ভোটার ও শ্রমিকদের সমর্থন পাওয়ার চেষ্টা করছেন। ট্রাম্প এরই মধ্যে একটি পডকাস্টে সাক্ষাৎকার দিয়েছেন। ওই সাক্ষাৎকারে অভিবাসন, অর্থনীতিসহ বিভিন্ন প্রসঙ্গ উঠে আসে। যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যমের বিরুদ্ধে ক্ষোভ জানিয়েছেন তিনি। যদিও ওই পডকাস্টে ট্রাম্প ইউক্রেনে রাশিয়ার হামলার জন্য ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে দায়ী করেছেন। পিবিডি পডকাস্টে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ‘জেলেনস্কি হলেন তার দেখা সবচেয়ে সেরা বিক্রয়কর্মী। ট্রাম্পের এমন বক্তব্যের ব্যাখ্যা দিয়েছে তাঁর প্রচারশিবির। তাদের দাবি, ট্রাম্প আসলে প্রেসিডেন্ট জো বাইডেনকে ইঙ্গিত করে কথাগুলো বলেছিলেন। নির্বাচনের ভোট গ্রহণের দিন ঘনিয়ে আসতে থাকার কারণেই দুই প্রার্থীই এখন চিরাচরিত গণমাধ্যম ও নতুন নতুন গণমাধ্যমগুলোতে তাদের প্রচারণাকে তুঙ্গে নেওয়ার চেষ্টারত। তারা এখন অপেক্ষাকৃত কমসংখ্যক সিদ্ধান্তহীন ভোটারদের দৃষ্টি আকর্ষণে সব রকম তৎপরতা চালিয়ে যাচ্ছেন।

# ২০২১ সালের ৬ জানুয়ারীকে ‘ভালোবাসার দিন’ বললেন ট্রাম্প

**বাংলা পত্রিকা ডেস্ক:** ক্যাপিটল হিলে হামলার দিনকে ভালোবাসার দিন বলে অভিহিত করেছেন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে জালিয়াতির মাধ্যমে তাঁর জয় কেড়ে নেওয়া হয়েছে। ট্রাম্পের এমন ঘোষণা দেয়ার পর ২০২১ সালের ৬ জানুয়ারী ক্যাপিটল হিলে হামলা চালায় তার সমর্থকেরা। তবে গত ১৬ অক্টোবর বুধবার ট্রাম্প দাবি করেছেন তিনি শান্তিপূর্ণ বিক্ষোভের আহ্বান জানিয়েছিলেন।

খবরে প্রকাশ, ২০২১ সালের ৬ জানুয়ারীকে ‘ভালোবাসার দিন’ বলে অভিহিত করেছেন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। বুধবার এক অনুষ্ঠানে ট্রাম্প এ কথা বলেন। ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী জো বাইডেন জয়ী হন। পরাজিত হন তৎকালীন প্রেসিডেন্ট ট্রাম্প। কিন্তু তিনি দাবি করেন, জালিয়াতির মাধ্যমে তাঁর জয় কেড়ে নেওয়া হয়েছে। ট্রাম্পের এই মিথ্যা দাবির পর তাঁর উগ্র সমর্থকেরা ২০২১ সালের ৬ জানুয়ারী ক্যাপিটল হিলে হামলা চালান। কংগ্রেসে বাইডেনের বিজয় সত্যায়ন ঠেকানোই ছিল এই হামলার উদ্দেশ্য। ট্রাম্প বুধবার অনুষ্ঠানে বলেন, তিনি শান্তিপূর্ণ বিক্ষোভের আহ্বান জানিয়েছিলেন। তাঁর ডাকে সাড়া দিয়ে ২০২১ সালের ৬ জানুয়ারী দেশের বিভিন্ন প্রান্ত থেকে শত শত মানুষ রাজধানী ওয়াশিংটন ডিসিতে এসেছিলেন। ২০২১ সালের ৬ জানুয়ারীর ঘটনার প্রসঙ্গ টেনে ট্রাম্প বলেন, সমর্থকেরা তাঁর কারণে আসেননি। তাঁরা নির্বাচনের কারণে এসেছিলেন। তাঁদের মনে হয়েছিল, নির্বাচনে কারচুপি হয়েছে। সে কারণেই তাঁরা এসেছিলেন। ট্রাম্প দাবি করেন, সেদিন সেখানে তাঁর সমর্থকেরা কাউকে গুলি করেননি। তাঁর সমর্থকদের কাছে বন্দুক ছিল না। কিন্তু অন্যদের কাছে বন্দুক ছিল। ট্রাম্প তাঁর ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্সকে বাইডেনের বিজয়ের সত্যায়ন আটকে দিতে বলেছিলেন। কিন্তু পেন্স তা করতে অস্বীকৃতি জানান। তার পর থেকে পেন্সকে বিভিন্ন সময় আক্রমণ করে কথা বলছেন ট্রাম্প। ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে পরাজয় এখনো মেনে নেননি ট্রাম্প। আগামী ৫ নভেম্বর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন হবে। এই নির্বাচন সামনে রেখে শেষ মুহূর্তের প্রচারে ব্যস্ত সময় পার করছেন ট্রাম্প ও তাঁর প্রতিপক্ষ ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিস।

# ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট পদের যোগ্য নন: কমলা হ্যারিস

**বাংলা পত্রিকা ডেস্ক:** প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিস বলেছেন তিনি প্রেসিডেন্ট হলে তাঁর কাজের ধরন বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের চেয়ে আলাদা হবে। এছাড়া ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট পদের যোগ্য নন বলে মনে করেন তিনি। বুধবার ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে এমন কথা বলেছেন তিনি। তিনি আরও ডোনাল্ড ট্রাম্প জনগণের সেবা করার মতো যথেষ্ট ‘ফিট’ নন।

আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন উপলক্ষে দেওয়া এক টেলিভিশন সাক্ষাৎকারে ভাইস প্রেসিডেন্ট ও প্রেসিডেন্ট পদপ্রার্থী কমলা হ্যারিস প্রতিপক্ষ ডোনাল্ড ট্রাম্পের কড়া সমালোচনা করে বলেছেন, নির্বাচনের জন্য যতটা যোগ্য থাকার উচিত, সেটি ডোনাল্ড ট্রাম্পের নেই। তিনি এতই অসুস্থ যে প্রেসিডেন্ট পদের জন্য যোগ্য নন। এছাড়া তিনি জনগণের সমালোচনা সহ্য করতে পারেন না। শান্তিপূর্ণ প্রতিবাদের জন্যও প্রতিবাদকারীদের কারাগারে পাঠিয়ে দেন। বুধবার ফক্স নিউজের সঙ্গে এক সাক্ষাৎকারে কমলা হ্যারিস এসব কথা বলেন।সাক্ষাৎকারের সময় কমলা হ্যারিস ডেমোক্র্যাট দলের অভিবাসন নীতি, অর্থনীতি এবং ট্রান্সজেন্ডার বিষয়েও কথা বলেন। ফক্স নিউজের সঙ্গে সাক্ষাৎকার চলাকালে কমলা হ্যারিস বলেন, ‘ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট পদের জন্য অযোগ্য। কারণ, জনগণের সেবা করার মতো যথেষ্ট ‘ফিট’ নন। তিনি তার পুরো সময়টায়তে ব্যক্তিগত বিষয় ও সুস্থতা নিয়েই সময় কাটাতে হয়। সে কারণে যুক্তরাষ্ট্রের মানুষ যথেষ্ট ক্লান্ত তাকে নিয়ে’। ডোনাল্ড ট্রাম্পের সমালোচনা করে কমলা হ্যারিস আরো বলেন, ডোনাল্ড ট্রাম্প জনগণের শান্তিপূর্ণ প্রতিবাদে সেনাবাহিনীকে ব্যবহার করেন। সাধারণ মানুষ তার চিন্তাভাবনার পক্ষে কথা বলেন না বলে, সেনাবাহিনীকে ব্যবহার করেন। সাক্ষাৎকারের পুরোটা সময় রাষ্ট্রের সঙ্গে দ্বিমত পোষণকারীর পক্ষ নিয়ে হ্যারিস বলেন, এটাই গণতন্ত্র যে, সাধারণ মানুষ নির্ভয়ে সমালোচনা করতে পারবে। এজন্য তাদের কারাগারে যেতে হবে না। উল্লেখ্য, চলতি বছরের ৫ নভেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এতে ডেমোক্র্যাটিক দলের পক্ষে প্রার্থী হয়েছেন বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এবং রিপাবলিকান দলের পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

# এবার নর্থ ক্যারোলিনায় আগাম ভোট শুরু




বাংলা পত্রিকা ডেস্ক: জর্জিয়ার পর এবার আরেক দোদুল্যমান অঙ্গরাজ্য নর্থ ক্যারোলিনায় প্রেসিডেন্ট নির্বাচনের আগাম ভোট শুরু হয়েছে। গত ১৭ অক্টোবর বৃহস্পতিবার শুরু হয় এই আগাম ভোট গ্রহণ। এর আগে মঙ্গলবার জর্জিয়ায় সশরীরে কেন্দ্রে গিয়ে ভোট দেন ভোটাররা। যুক্তরাষ্ট্রে যে সাতটি গুরুত্বপূর্ণ দোদুল্যমান অঙ্গরাজ্য আছে, তার একটি এই নর্থ ক্যারোলিনা। গত নির্বাচনে এই রাজ্যে জেতেন ডোনাল্ড ট্রাম্প।

খবরে প্রকাশ, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে জর্জিয়ার পর অন্যতম সুইং স্টেট নর্থ ক্যারোলিনায় বৃহস্পতিবার শুরু হলো আগাম ভোট। রাজ্যটির ভোট ডোনাল্ড ট্রাম্প ও কমলা হ্যারিসের লড়াইয়ে জয়-পরাজয় নির্ধারণে গুরুত্বপূর্ণ হতে পারে। হারিকেন হেলেনের আঘাতের পর রাজ্যটির এখনও অনেক বাসিন্দা বিদ্যুৎবিচ্ছিন্ন আছেন। অনেকে পানি সংকটে ভুগছেন। নর্থ ক্যারোলিনা প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক প্রার্থী কমলা হ্যারিস এবং রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের মধ্যে আসন্ন প্রতিযোগিতায় জয়-পরাজয় নির্ধারণে গুরুত্বপূর্ণ হতে পারে। জরিপগুলো থেকে উভয় প্রার্থীর মধ্যে তীব্র লড়াইয়ের আভাস পাওয়া গেছে বলে। হারিকেন হেলেন, যার আঘাতে ছয়টি রাজ্যে ২০০ জনেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে এবং বিলিয়ন ডলারের ক্ষতি হয়েছে। ভোটারদের ভোটকেন্দ্রে যেতে তা প্রভাব ফেলবে কিনা সেই নিয়ে দেখা দিয়েছে প্রশ্ন। পোল এগরিগেটর ওয়েবসাইট ফাইভ থার্টিএইটের মতামত জরিপে দেখা যায়, ট্রাম্প এবং হ্যারিস নর্থ ক্যারোলিনায় প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ অবস্থানে আছেন। ট্রাম্প এখানে ৪৮% ভোট পেয়েছেন; অন্যদিকে হারিসের পক্ষে গেছে ৪৭.৫% শতাংশ ভোট। ২০২০ এবং ২০১৬ সালের উভয় নির্বাচনেই নর্থ ক্যারোলিনার ভোটারদের ভোট দেয়ার ক্ষেত্রে আগাম ভোট ভূমিকা রেখেছে। গত মঙ্গলবার নির্বাচনের ৭ টি সুইং স্টেটের মধ্যে জর্জিয়ায় আগাম ভোট হয়। নর্থ ক্যারোলিনা এবং জর্জিয়া ছাড়া যুক্তরাষ্ট্রের অন্য সুইং স্টেটগুলো হলো: অ্যারিজোনা, মিশিগান, নেভাদা, পেনসিলভানিয়া এবং উইসকনসিন।

# লেবানন বংশোদ্ভূত আমেরিকান নাগরিকদের কমলাকে সমর্থন

**বাংলা পত্রিকা ডেস্ক:** লেবানন বংশোদ্ভূত আমেরিকান নাগরিকদের একটি দল ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিসকে সমর্থন জানিয়েছেন। শুক্রবার (১৮ অক্টোবর) ওই দলটি কমলার প্রতি সমর্থন জানিয়ে এক চিঠিতে লিখেছে, জো বাইডেনের আমলে লেবাননের প্রতি যুক্তরাষ্ট্রের ‘নিরবচ্ছিন্ন’ সমর্থন ছিল। কমলা নভেম্বরের নির্বাচনে জয়ী হলে লেবাননের প্রতি সমর্থন আরও বাড়বে বলে আশা প্রকাশ করেন তারা। এমন একটি সময়ে এই সমর্থন পাওয়া গেল, যখন লেবাননে ইসরায়েলী হামলা চলছে। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, গত বছর থেকে ইসরায়েলের হামলায় দেশটিতে অন্তত ২হাজার ৩৫০ জন নিহত হয়েছেন। বাস্তুচ্যুত হয়েছেন ১২লাখের বেশি মানুষ। সাবেক কংগ্রেস সদস্য ডোনা শালালা, সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার একসময়ের পরিবহনসচিব রে লাহুডসহ আরো অনেকে চিঠিতে স্বাক্ষর দিয়েছেন।

# গর্ভপাতের পক্ষে টিভিতে বিজ্ঞাপন প্রচারে ফ্লোরিডা রাজ্য সরকারের বাধা

**বাংলা পত্রিকা ডেস্ক:** ফ্লোরিডা অঙ্গরাজ্যে গর্ভপাতের পক্ষে প্রচারণামূলক বিজ্ঞাপন চালাতে বাধা দিয়েছিল সরকার। বিষয়টিকে চ্যালেঞ্জ করলে, এসব বিজ্ঞাপন বন্ধ করতে টিভি চ্যানেলগুলোকে বাধা না দিতে সরকারি কর্মচারীদের নির্দেশ দেয় ফেডারেল আদালত। বৃহস্পতিবার ফ্লোরিডার টালাহাসির চিফ ডিস্ট্রিক্ট জাজ মার্ক ওয়াকার বলেন, এ ধরনের হুমকি স্পষ্টতই বাক স্বাধীনতা এবং যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রথম সংশোধনীর লঙ্ঘন। বিচারক তাঁর অস্থায়ী আদেশে লিখেন, ‘ফ্লোরিডা অঙ্গরাজ্যে বাক্‌স্বাধীনতা সহজ রাখতে হবে। চলতি মাসের শুরুর দিকে সম্প্রচারমাধ্যমগুলো গর্ভপাত আইনের সংশোধন সমর্থনকারী প্রচারাভিযানের বিজ্ঞাপন চালাতে শুরু করলে ফ্লোরিডা সরকারের স্বাস্থ্য বিভাগ টিভি চ্যানেলগুলোকে চিঠি দিয়ে এসব বিজ্ঞাপন চালাতে নিষেধ করে। তারই ধারাবাহিকতায় আদালতে মামলা দায়ের করা হয়।

# নিউইয়র্কে ৭১ হাজার নতুন অ্যাপার্টমেন্ট চালু

*(প্রথম পাতার পর)* হোকুল। এগুলোর মধ্যে ২১ হাজার সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট বলে জানান তিনি। বুধবার (১৬ অক্টোবর) অলবেনিতে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে আবাসন নির্মাণে প্রশাসনের প্রচেষ্টার বিষয়ে আলোচনায় তিনি জানান, ২০২৫ অর্থবছরে রাজ্যে ১৫ হাজার নতুন বাড়ি নির্মাণে ৫০০ মিলিয়ন ডলার অর্থায়ন করা হবে। এছাড়া বাড়ি সংস্কার এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের সুরক্ষার জন্য আরো ৬০০ মিলিয়ন ডলার অর্থায়নের পরিকল্পনা রয়েছে হোকুলের। নিউ ইয়র্ক সিটির আবাসন খাতে আমূল পরিবর্তন নিয়ে আসার চেষ্টা করছেন গভর্নর ক্যাথি হোকুল। বাসিন্দাদের জন্য কমখরচে মাথা গোঁজার ঠাঁই দিতে বেশ কয়েকটি প্রকল্পও হাতে নিয়েছেন তিনি।

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

## সম্পাদকীয়


# উদ্বেগ কাটছে না মানুষের

আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালে আনুষ্ঠানিকভাবে বিচার শুরু হয়েছে ছাত্র-জনতার বিপ্লবে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত ফ্যাসিস্ট শেখ হাসিনার। তার বিরুদ্ধে গত ১৭ অক্টোবর বৃহস্পতিবার বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে গঠিত তিন সদস্যের ট্রাইবুনালে এ বিচার কাজ শুরু হয়েছে। গত বৃহস্পতিবার শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আদালত। শুধু তার বিরুদ্ধেই নয়, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ আরও ৪৫ আসামির বিরুদ্ধে এই পরোয়ানা জারি করা হয়েছে। আগামী ১৮ নভেম্বর তাদের গ্রেফতার করে ট্রাইব্যুনালে হাজির করার নির্দেশ দেয়া হয়েছে। এর আগে চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম গ্রেফতারি পরোয়ানা জারির জন্য দুটি আবেদন করেন। শেখ হাসিনা বাদে বাকি ৪৫ আসামির মধ্যে উল্লেখযোগ্যরা হলেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সাবেক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, সাবেক আইনমন্ত্রী আনিসুল হক, সাবেক পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ, সাবেক সমাজকল্যাণমন্ত্রী ডা. দীপু মণি, সাবেক তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, সাবেক তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ পলক, সাবেক মুক্তিযোদ্ধাবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, শেখ হাসিনার পুত্র সজীব ওয়াজেদ জয়, ছোট বোন শেখ রেহানা, সাবেক বিচারপতি এবিএম খায়রুল হক ও এএইচএম শামসুদ্দিন চৌধুরী মানিক, লেখক ড. জাফর ইকবাল, আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য শেখ ফজলুল করিম সেলিম, দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ফজলে নূর তাপস, যুবলীগেরর চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ, সাবেক আইজিপি আবদুল্লাহ আল মামুন, গোয়েন্দা প্রধান হারুন অর রশীদ, পুলিশ কর্মকর্তা বিপ্লব কুমার, মনিরুল ইসলাম, প্রলয় কুমার জোয়ার্দ্দার ও হাবিবুর রহমান, সাবেক প্রতিরক্ষা ও নিরাপত্তা উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিকী, সেনাকর্মকর্তা জিয়াউল হাসান প্রমুখ। তাদের বিরুদ্ধে গণহত্যার নির্দেশদাতা, উসকানিদাতা ও নির্দেশ পালন করাসহ মানবতাবিরোধী অপরাধের অভিযোগ আনা হয়েছে। এছাড়া শেখ হাসিনার দেড় দশকের বেশি শাসনামলে সংঘটিত গুম, খুন, শাপলা চত্বর হত্যাকা-, আয়নাঘর, তথ্যপ্রযুক্তি আইনে হওয়া মামলা, দুর্নীতি ইত্যাদির পরিসংখ্যানসহ নানা তথ্য তুলে ধরা হয়। চিফ প্রসিকিউটর জানিয়েছেন, শেখ হাসিনার বিরুদ্ধে তদন্তে গণহত্যার প্রাথমিক অভিযোগের সত্যতা মিলেছে।

> *শেখ হাসিনা জুলাই-আগস্টে ছাত্র-জনতার বিপ্লব দমাতে এবং ক্ষমতায় থাকতে দেশের ইতিহাসের বর্বরতম গণহত্যা চালিয়েছেন। এ সময়ে দেড় হাজারের বেশি ছাত্র-জনতাকে হত্যা এবং বিশ হাজারের বেশি মানুষকে চিরতরে পঙ্গু ও অন্ধ করা হয়েছে। এখনো হাসপাতালে চিকিৎসাধীন বহু ছাত্র-জনতা চিকিৎসাধীন এবং কেউ কেউ এখনো মৃত্যুবরণ করছে। এই গণহত্যা চালিয়েও শেষ পর্যন্ত ছাত্র-জনতার প্রতিরোধের মধ্যে তাকে দেশ ছেড়ে পালিয়ে যেতে হয়। আশ্রয় নিতে হয় তার প্রভু মোদির ভারতে। এখনো তিনি সেখানে অবস্থান করছেন। সেখানে তার অবস্থানের মেয়াদ শেষ হয়ে গেলেও ভারত তাকে ট্রাভেল পাস দিয়ে রেখেছে এবং গত বৃহস্পতিবার দেশটির পররাষ্ট্র দফতর থেকে বলা হয়েছে, তার নিরাপত্তার স্বার্থে ভারত আশ্রয় দিয়েছে। ভারত কেন তাকে আশ্রয় দিয়ে রেখেছে, তা বুঝতে বাকি থাকে না। তাকে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র চক্রান্তের 'ট্রাম্প কার্ড' হিসেবে ব্যবহার করার জন্য রেখে দিয়েছে।*

পতিত ফ্যাসিস্ট শেখ হাসিনা জুলাই-আগস্টে ছাত্র-জনতার বিপ্লব দমাতে এবং ক্ষমতায় থাকতে দেশের ইতিহাসের বর্বরতম গণহত্যা চালিয়েছেন। এ সময়ে দেড় হাজারের বেশি ছাত্র-জনতাকে হত্যা এবং বিশ হাজারের বেশি মানুষকে চিরতরে পঙ্গু ও অন্ধ করা হয়েছে। এখনো হাসপাতালে চিকিৎসাধীন বহু ছাত্র-জনতা চিকিৎসাধীন এবং কেউ কেউ এখনো মৃত্যুবরণ করছে। এই গণহত্যা চালিয়েও শেষ পর্যন্ত ছাত্র-জনতার প্রতিরোধের মধ্যে তাকে দেশ ছেড়ে পালিয়ে যেতে হয়। আশ্রয় নিতে হয় তার প্রভু মোদির ভারতে। এখনো তিনি সেখানে অবস্থান করছেন। সেখানে তার অবস্থানের মেয়াদ শেষ হয়ে গেলেও ভারত তাকে ট্রাভেল পাস দিয়ে রেখেছে এবং গত বৃহস্পতিবার দেশটির পররাষ্ট্র দফতর থেকে বলা হয়েছে, তার নিরাপত্তার স্বার্থে ভারত আশ্রয় দিয়েছে। ভারত কেন তাকে আশ্রয় দিয়ে রেখেছে, তা বুঝতে বাকি থাকে না। তাকে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র চক্রান্ত্র্যের 'ট্রাম্প কার্ড' হিসেবে ব্যবহার করার জন্য রেখে দিয়েছে। ইতোমধ্যে আমরা দেখেছি, ছাত্র-জনতার বিপ্লবের মধ্য দিয়ে গঠিত প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারকে ব্যর্থ ও অকার্যকর করে দিতে শেখ হাসিনা ও মোদি যৌথভাবে বিভিন্ন আন্দোলন করিয়েছেন। একের পর এক ষড়যন্ত্র করেছেন এবং তা অব্যাহত রেখেছেন। অন্তর্বর্তী সরকার সকল ষড়যন্ত্র অত্যন্ত সফলভাবে মোকাবেলা করেছে এবং করছে। শেখ হাসিনাকে যদি দেশে ফিরিয়ে আনা না যায়, তাহলে দেশের বিরুদ্ধে তার ও মোদির ষড়যন্ত্র যে চলতে থাকবে, তাতে কোনো সন্দেহ নেই। ফলে তাকে দেশে ফিরিয়ে বিচারের মুখোমুখি করা অত্যন্ত জরুরি। শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির পর গত বৃহস্পতিবার পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন বলেছেন, আদালতের নির্দেশে পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু হচ্ছে। তাকে দেশে ফিরিয়ে আনতে যা প্রয়োজন, তাই করা হবে। দেশের মানুষও চায়, ইতিহাসের নিকৃষ্টতম ফ্যাসিস্ট শেখ হাসিনাকে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করা হোক। এক্ষেত্রে, কোনো রকমের শৈথিল্য ও ছাড় দেয়ার সুযোগ নেই। অন্তর্বর্তী সরকারেরও অগ্রাধিকারমূলক প্রতিশ্রুতি হচ্ছে, জুলাই-আগস্ট গণহত্যার দ্রুত বিচার করা। বলার অপেক্ষা রাখে না, এ বিচার কাজে অনেক বাধা-বিপত্তি ও গতিহীন করার ষড়যন্ত্র থাকবে। শেখ হাসিনা ও মোদির দোসররা এখনো আদালত ও প্রশাসনসহ সর্বত্র ঘাপটি মেরে রয়েছে। তারা চাইবে যেকোনো উপায়ে বিচারকাজে বাধা সৃষ্টি করতে। ভারত শেখ হাসিনাকে বাঁচাতে সব ধরনের চক্রান্ত করবে। এ ব্যাপারে অন্তর্বর্তী সরকারকে দৃঢ় ও সচেতন থাকতে হবে।

শেখ হাসিনা ও তার দোসরদের যে বিচার শুরু হয়েছে, তার মধ্যে যাতে কোনো ধরনের ফাঁকফোকর না থাকে, তা নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে চিফ প্রসিকিউটরসহ তদন্ত কাজে নিয়োজিতদের সতর্ক থাকতে হবে। অতীতে এই ট্রাইব্যুনালে যুদ্ধপরাধ ও মানবাতাবিরোধী অপরাধের দায়ে বিচার কার্যক্রম নিয়ে যে প্রশ্ন উঠেছিল, তা স্মরণে রেখে বিচার কার্যক্রমকে স্বচ্ছ ও প্রশ্নাতীত রাখতে হবে। কেউ যাতে বলতে না পারে, এ বিচার ক্যাঙ্গারু কোর্টে বা ক্যামেরা ট্রায়ালে হচ্ছে। ইতোমধ্যে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল এই বিচার কাজ স্বচ্ছ ও নিরপেক্ষ করার কথা বলেছেন। এ বিচার কীভাবে হচ্ছে, সে সম্পর্কে যাতে দেশের মানুষ ও আন্তর্জাতিক মহল জানতে পারে, এ প্রতিশ্রুতি দিয়েছেন। আমরাও চাই, আইনের নিরিখে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধে অভিযুক্তদের বিচার সুষ্ঠুভাবে সম্পন্ন হোক। এই বিচার দৃষ্টান্ত হয়ে থাকবে, এটাই সকলের প্রত্যাশা।



# আয়নাঘরের দুঃস্বপ্নের সেই সব দিন

## দ্য নিউইয়র্ক টাইমসের বিশ্লেষণ

বাংলাদেশে ক্ষমতাচ্যুত শেখ হাসিনা সরকারের সময়ে আয়নাঘরে ভিন্নমতাবলম্বীদের ওপর নির্যাতন নিয়ে রয়েছে নানা আলোচনা। তাঁর সরকারের পতনের পর সেই গোপন বন্দীশালা থেকে কয়েকজনকে মুক্তি দেওয়া হয়। তাঁদের কয়েকজনের জবানিতে উঠে এসেছে সেখানকার ভয়ংকর নির্যাতনের চিত্র। এ নিয়ে প্রভাবশালী আমেরিকান গণমাধ্যম দ্য নিউইয়র্ক টাইমস কথা বলেছে আয়নাঘর থেকে মুক্ত কয়েকজনের সঙ্গে। গত ১৭ অক্টোবর প্রতিবেদনটি তাদের অনলাইন সংস্করণে প্রকাশিত হয়। প্রতিবেদনটির সংক্ষিপ্ত অনুবাদ করেছেন আবু হুরাইরাহ্।

বাংলাদেশে ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনার পতনে ১৭ কোটি মানুষের সামনে খুলেছে এক নতুন ভবিষ্যতের দুয়ার। ওই ঘটনায় একই সঙ্গে বেরিয়ে এসেছে তাঁর নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের সময় 'আয়নাঘর' নামে পরিচিত গোপন কারাগারে রাজবন্দীদের ওপর অমানুষিক নির্যাতনের কাহিনি।

নির্যাতন সইতে না পেরে আয়নাঘরের কোনো কোনো বন্দী প্রায় উন্মাদ হয়ে গেছেন। কেউ বা বরণ করেছেন মৃত্যুকে। হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর এই বন্দিশালা থেকে ছাড়া পেয়েছেন কয়েকজন। তাঁদের মধ্যে কেউ কেউ সাবেক এই প্রধানমন্ত্রীর আক্রোশের শিকার হওয়ার গল্প শুনিয়েছেন নিউইয়র্ক টাইমস-কে।

এক সময় জাতির গণতান্ত্রিক আকাঙ্খা ধারণ করে ক্ষমতায় এলেও শেখ হাসিনা সময়ের সঙ্গে সঙ্গে স্বৈরাচারী মনমানসিকতা ও দমন-পীড়ন বেছে নেন। ক্ষমতায় টিকে থাকতে যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলায় তিনি ব্যবহার করেন রাষ্ট্রযন্ত্রকে।

শেখ হাসিনার ক্ষমতা কুক্ষিগত করার চেষ্টায় জোরপূর্বক গুম করা ছিল তাঁর নেওয়া কর্মসূচিগুলোর অন্যতম। এ অপচেষ্টায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে অপহৃত শত শত মানুষের কোনো খোঁজ পাওয়া যায়নি। কোনো কোনো ক্ষেত্রে এসব ব্যক্তিকে ধরা হয়েছে সাধারণ রাজনৈতিক কর্মকান্ড, যেমন বিক্ষোভ-সমাবেশ আয়োজন, রাস্তা অবরোধ, এমনকি সামাজিক যোগাযোগমাধ্যমে বিক্ষুব্ধ কোনো মন্তব্য করার জন্য।

ভুক্তভোগীদের অনেককে মেরে ফেলা হয়েছে। অন্যদের কণ্ঠ রোধ করতে আয়নাঘরের অন্ধকার প্রকোষ্ঠে বছরের পর বছর আটকে রাখা হয়েছে। সেখানেও মারা গেছেন অনেকে। সৌভাগ্যক্রমে এই বন্দিশালা থেকে বের হতে সক্ষম হয়েছেন কয়েকজন। নিউইয়র্ক টাইমসকে সাক্ষাৎকার দিয়েছেন তাঁদেরই কেউ কেউ।

আয়নাঘরের জীবন নিয়ে অনুভূতি প্রকাশ করা এই ব্যক্তিদের একজন মীর আহমেদ কাসেম আরমান। গত আগস্টে আয়নাঘর থেকে ছাড়া পান তিনি। বন্দীদের মধ্যে তাঁর মতো আইনজীবী ছাড়াও ছিলেন সরকারি কর্মকর্তা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, কূটনীতিক, এমনকি মানবাধিকারকর্মীরা।

আয়নাঘর থেকে মুক্ত বন্দীদের একজন কয়েকবার স্ট্রোকে আক্রান্ত হয়েছেন। এর আগে জানতে পারেন যে তিনি মারা গেছেন ভেবে তাঁর স্ত্রী আরেকজনকে বিয়ে করেছেন। মুক্তি পাওয়া আরেকজন জানতে পেরেছেন, তাঁর খোঁজে বাবা কয়েক বছর মানুষের দুয়ারে দুয়ারে ঘুরে শেষমেশ মারা গেছেন।

আয়নাঘরে থেকে মারা যাওয়া মানুষের সংখ্যা কত, তা এখনো অজানা। তবে গুম হওয়া ব্যক্তিদের বহু স্বজন আজও তাঁদের ফেরার অপেক্ষায় দিন গুনছেন। তাঁদের দাবি, নিখোঁজ স্বজনদের ফিরিয়ে দেওয়া হোক, আর না পাওয়া গেলে গুমের জন্য দায়ী ব্যক্তিদের বিচার করা হোক।

নিখোঁজ স্বজনের অপেক্ষায় থাকা এমন ব্যক্তিদের একজন তাসনিম শিপরা। তিনি বলেন, 'কী ঘটেছে, আমরা সেই জবাব চাই।' তাসনিম জানান, তাঁর চাচা বেলাল হোসেন ২০১৩ সালে নিখোঁজ হন। সম্ভবত তিনি আর এ দুনিয়ায় নেই।

সাবেক বন্দীদের তিনজনকে আয়নাঘরের একটা ছবি আঁকার অনুরোধ জানিয়েছিল দ্য টাইমস। তাঁদের আঁকা ছবিতে (স্কেচ) দেখা যায়, একটা লম্বা করিডর। আধা ডজন কক্ষ। একটি অপরটি থেকে দূরে, তবে মুখোমুখি। করিডরের দুই প্রান্তে শৌচাগার। একটি দাঁড়িয়ে ব্যবহারের, অন্যটি বসার। প্রতিটি কক্ষে ছিল একটি বড় এগজস্ট ফ্যান। এমন ফ্যান থাকার কারণ, যাতে নিরাপত্তারক্ষীদের আলাপ শোনা না যায় এবং বন্দীদের মানসিকভাবে বিকারগ্রস্ত করে তোলা যায়।

**'কয়েকজনকে একটা ছোট ভ্যানগাড়িতে তুলে শুইয়ে বেঁধে দেন রক্ষীরা'**

কারারক্ষীরা একদিন ভোর হওয়ার আগেই আহমেদ কাসেম আরমানের কক্ষে ঢোকেন, ওই সময় তাঁর মনে হয়েছিল, এ-ই মনে হয় সব শেষ।

আরমানকে জানালাবিহীন একটি কারাপ্রকোষ্ঠে আট বছর বন্দী রাখা হয়েছিল। ওই কক্ষে একেকটা দিনও ছিল যেন অন্তহীন অন্ধকার রাত। তবে ওই দিনটা ছিল ভিন্ন রকমের। ভোরের আলো ফোটার আগেই নিরাপত্তারক্ষীরা কক্ষে ঢুকে তাঁকে নামাজ শেষ করতে বলেন। খুলে দেন চোখের পুরু বাঁধন। খুলে ফেলেন হাতকড়াও।

আরমান ভেবেছিলেন, তাঁকে মেরে ফেলে হয়তো লাশ নদীতে ভাসিয়ে দেওয়া হবে, নয়তো ডোবায় ফেলা দেওয়া হবে। সেদিন তিনিসহ আরও কয়েকজনকে একটি ছোট ভ্যানগাড়িতে তুলে শুইয়ে বেঁধে দেন রক্ষীরা। দুজনের নিচে লুকিয়ে রাখা হয় তাঁকে। তাঁদের নিয়ে গাড়ি ছুটে চলে এক ঘণ্টা।

কিন্তু দেশের অন্য অনেক রাজনৈতিক বন্দীর মতো ভাগ্য বরণ করতে হয়নি মীর আহমেদ কাসেম আরমানকে। তিনি বলেন, তাঁকে নিয়ে রাজধানী ঢাকার একপ্রান্তে নির্জন মাঠে ফেলে চলে যান ওই নিরাপত্তারক্ষীরা।

মীর আরমানকে ২০১৬ সালে তুলে নিয়ে গিয়েছিলেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কিছু সদস্য। যদিও তাঁর বিরুদ্ধে কোনো অপরাধে জড়িত থাকার অভিযোগ ছিল না। দৃশ্যত, ইসলামি আন্দোলনের একজন কর্মী ও প্রতিষ্ঠিত ব্যবসায়ীর (মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া মীর কাসেম আলী) ছেলে হওয়ায় তাঁকে আটকে রাখা হয়েছিল।

আরমান (৪০) বলেন, দীর্ঘ অন্ধকার বন্দিজীবনে একটি বিষয়ই তাঁকে পাগল হওয়া থেকে বাঁচিয়েছে। তা হলো, তাঁর স্ত্রী এবং বর্তমানে ১১ ও ১২ বছর বয়সের দুই কন্যার চিন্তা। তাঁর কথায়, 'আমি সব সময় স্রষ্টার কাছে প্রার্থনা করেছি, এ পৃথিবীতে যদি আমাদের আর দেখা না-ও হয়, বেহেশতে যেন একত্র হতে পারি।'

**'৪১ হাজারবার চোখ বাঁধা এবং হাতকড়া পরানো হয়'**

গোপন বন্দিশালায় বিরামহীন যন্ত্রণা ভোগের বর্ণনা দিয়েছেন আবদুল্লাহিল আমান আজমি।

সাবেক উচ্চপদস্থ সেনা কর্মকর্তা আজমিকেও দৃশ্যত তাঁর বাবার কারণে (বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রয়াত আমির গোলাম আজম) ধরে নিয়ে যাওয়া হয়েছিল। গত ৫ আগস্ট শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছেড়ে যাওয়ার পর তিনিও ওই সামরিক কারাগার (আয়নাঘর) থেকে ছাড়া পান।

আমান আজমি আট বছর বন্দী ছিলেন। আজমির অনুমান, ওই কয়েক বছরে অন্তত ৪১ হাজারবার তাঁর চোখ বাঁধা এবং হাতকড়া পরানো হয়েছে।

আমান আজমি বলেন, 'আমি (বন্দিজীবনে) সৃষ্টিকর্তার আকাশ, চন্দ্র, সূর্য, ঘাস, গাছপালা দেখিনি।' তিনি আরও বলেন, 'বন্দী হওয়ার পর প্রথম দিকে আমি দুটি ছোট ভেন্টিলেটর দিয়ে সূর্যের আলো দেখার চেষ্টা করি। কিন্তু সিসিটিভি ক্যামেরায় ধরা পড়ার পর তারা (কর্তৃপক্ষ) সেগুলো বন্ধ করে দেয়।'

জীবনধারণের মতো পরিবেশ না থাকা কারাগারটিতে চলত কঠোর নজরদারি। শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করা হতো নিয়মিত। চুল কাটা হতো প্রতি চার থেকে ছয় মাসে একবার। জিজ্ঞাসাবাদের প্রাথমিক দিনগুলোয় চলত শারীরিক নির্যাতন। বেশি হতো মানসিক নির্যাতন।

**'প্রতি শুক্রবার ভেসে আসত বাচ্চাদের গানের সুর'**

কাতার ও ভিয়েতনামে বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন মারুফ জামান। ২০১৯ সালে তিনি আয়নাঘর থেকে ছাড়া পান। এর আগে এ বন্দিশালায় এক বছরের বেশি সময় (৪৬৭ দিন) ছিলেন তিনি।

আয়নাঘরের ছবি আঁকার জন্য দ্য টাইমসের অনুরোধে মারুফ জামান গুগল ম্যাপ খুলে দেখান। জুম করলে দেখা যায়, ঢাকার একটি সামরিক ঘাঁটি। সেখানেই আয়নাঘরের অবস্থান। এ গোপন বন্দিশালার নাম প্রথম জানা যায় ২০২২ সালে বিদেশে বাংলাদেশী গণমাধ্যম নেত্র নিউজের একটি প্রতিবেদন থেকে।

মারুফ জামান ও মুক্তি পাওয়া অন্য বন্দীরা বলেন, তাঁরা বন্দী অবস্থায় একটি সামরিক ঘাঁটিতে থাকার বিষয়টি বুঝতে পেরেছিলেন। কেননা, ভোরবেলায় সেখানে কুচকাওয়াজের শব্দ শুনতেন তাঁরা। জানতেন, ধারেকাছেই কর্মকর্তাদের আবাসিক ভবন আছে আর সেখানকার জীবনযাত্রাও স্বাভাবিক। সেখান থেকে প্রতি শুক্রবার ভেসে আসত বাচ্চাদের গানের সুর।

শেখ হাসিনার কর্মকাণ্ড, বিশেষ করে তাঁর ভারতীয় স্বার্থরক্ষার বিষয়ে সমালোচনা করতেন মারুফ জামান। আয়নাঘরে জিজ্ঞাসাবাদকালে তাঁর মুখে অনবরত ঘুষি মারা হতো বলে জানান তিনি। এতে তাঁর দুটি দাঁত পড়ে যায়। জিজ্ঞাসাবাদকারীরা তাঁর সামনে সামাজিক যোগাযোগমাধ্যম ও ব্লগে নিজের দেওয়া সব পোস্ট প্রিন্ট করে আনতেন। পোস্টগুলোর নির্দিষ্ট কিছু প্যারা সম্পর্কে জেরা করতেন।

জিজ্ঞাসাবাদকারীদের একজন জামানকে একদিন জিজ্ঞাসা করেন, 'আপনার পোস্ট প্রিন্ট করতে আমরা অনেক অর্থ খরচ করেছি। আপনার বাবা কি এসব অর্থ আমাদের ফেরত দেবেন?'

**'পাঁচ বছরের মধ্যে প্রথম দিনের আলো দেখলাম'**

ক্ষুদ্র জাতিগোষ্ঠীর অধিকারকর্মী মাইকেল চাকমা। আগস্টের কোনো এক দিন কয়েক ঘণ্টা গাড়ি চালিয়ে তাঁকে চোখ বাঁধা অবস্থায় একটি জঙ্গলে ছেড়ে যাওয়া হয়।

মাইকেল চাকমা বলেন, 'পাঁচ বছরের মধ্যে এই প্রথম আমি দিনের আলো দেখলাম। যখন দেখছিলাম, দুবার পরীক্ষা করছিলাম, আমি কি এ আলো স্বপ্নে দেখছি, নাকি বাস্তবেই।'

ঢাকায় ২০১৯ সালে একটি ব্যাংকে ঢোকার পর অপহৃত হন মাইকেল চাকমা। কারাগারের ভেতর তিনি জিজ্ঞাসাবাদকারীদের কাছে জানতে চাইতেন, কেন সেখানে তাঁকে রাখা হয়েছে। সবচেয়ে কাছাকাছি যে জবাব পেয়েছেন তা হলো, রাজনৈতিক প্রতিশোধ।

প্রধানমন্ত্রী থাকাকালে শেখ হাসিনা নিজের দল আওয়ামী লীগের একটি সমাবেশে অংশ নিতে একবার চট্টগ্রামে গিয়েছিলেন। সে সময় মাইকেল চাকমার দলীয় ছাত্রসংগঠন সড়ক অবরোধ করেছিল। সেদিন প্রধানমন্ত্রী হুমকি দিয়ে সমাবেশে তাঁর বক্তৃতা শেষ করেন। বলেছিলেন, এ বিক্ষোভের পেছনে যাঁরা রয়েছেন, তাঁদের তিনি দেখে নেবেন।


মাইকেল চাকমা বলেন, ওই ঘটনা তাঁকে (শেখ হাসিনা) ক্ষুব্ধ করেছিল। তিনি আরও বলেন, 'আমি সব সময় তাঁদের কাছে জানতে চাইতাম, আমার কী অপরাধ? আমি কী করেছি? আমি কি দোষী? তাঁরা বলতেন, আওয়ামী লীগ সরকারকে নিয়ে আমি অসৎ উদ্দেশ্যে রাজনীতি করছি।'

উল্লেখ্য, সাবেক (***বাকি অংশ ২৮ এর পাতায়***)


বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইন্ক, নির্বাচন ২০২৪
BANGLADESH SOCIETY INC. ELECTION 2024
প্রবাসে বাংলাদেশী পার্লামেন্ট
২৭ অক্টোবর নির্বাচনে
"ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে পরিকল্পিত সৎ ও নিষ্ঠাবান ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন"
রুহুল-জাহিদ পরিষদের
সাংগঠনিক সম্পাদক প্রার্থী
B1
রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি
B4
জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক
সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা
বর্তমান বাংলাদেশ সোসাইটির
নির্বাহী সদস্য
আজীবন সদস্য
বাংলাদেশ আমেরিকান কার লিমোজিন
সহ সভাপতি
বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইন্ক
সহ সভাপতি
শাপলা ওয়েলফেয়ার এসোসিয়েট নিউইয়র্ক
আহ্বায়ক, (২০২৪-২০২৫) উপ কমিটি
সাবেক সহ সভাপতি (২বার)
মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইন্ক
সাবেক কার্যকরী সদস্য
বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা
আজীবন সদস্য
উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
PLEASE CAST YOUR VOTE FOR
MD. SAADI MINTU
ORGANIZING SECRETARY
B7
PLEASE CAST YOUR VOTE FOR MD. SAADI MINTU ORGANIZING SECRETARY
মোঃ সাদি মিন্টু
আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী
ফারুক চৌধুরী
আমিনুল ইসলাম চৌধুরী
সরোয়ার খান বাবু
মওশেদ হোসেন
মনিকা রায় চৌধুরী
নাদির আহমেদ আইয়ুব
রোমানা আহমেদ
আলমগীর হোসেন
শাহনাজ হোসেন
আবদুর রব মিয়া
মোঃ তাজু মিয়া
নজরুল ইসলাম
রফিকুল ইসলাম তালিম
মোঃ সাইফুল ইসলাম
PLEASE VOTE FOR
RUHUL-JAHID PANEL
প্রচারেঃ বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইনক

প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
AL-AQSA RESTAURANT
& PARTY HALL পার্কচেস্টারে
Trusted Al - Aqsa HALAL
PARTY HALL
বাঙালি মালিকানায় সবচেয়ে বড় রেস্টুরেন্ট এবং পার্টি হল





DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

# কুইন্সের হলিস পাবলিক লাইব্রেরির সংস্কার কার্যক্রম শুরু

*(শেষ পাতা থেকে)* এসময় মেয়র এরিক অ্যাডামস বাসিন্দাদের জন্য সিটির পুরোনো পাবলিক পাঠাগারগুলোকে অত্যাধুনিক ও আরো নিরাপদ করার প্রতিশ্রুতি দেন।

# নিউইয়র্কের আশ্রয়কেন্দ্র থেকে সহিংস গ্যাং

*(শেষ পাতা থেকে)* অপসারনের দাবি জানান। চিঠিতে তারা লিখে নিউইয়র্কে স্থানীয় এবং পর্যটকদের লক্ষ করে সশস্ত্র ডাকাতি, চুরি, যৌনাচার, হত্যাসহ বিভিন্ন অপরাধমূলক কার্যকলাপ বেড়েছে। বিদেশী অপরাধী সংস্থ্যাগুলো অভিবাসী এবং গৃহহীনদের দিয়ে সিটিতে অবৈধ কার্যকলাপগুলো পরিচালনা করছে বলেও অভিযোগ করে তারা। নিউইর্ক পুলিশের তথ্য অনুসারে, গত বছরের তুলনায় চলতি বছর অভিবাসী গ্রেফতার ৬৪% বৃদ্ধি পেয়েছে।

# পরিচালক সোহেল খানের সাথে মতবিনিময়

*(শেষ পাতা থেকে)* হাসপাতালটি কেবল সিলেট নয়, বাংলাদেশের একটি ব্যতিক্রমী হাসপাতাল। ইতিমধ্যেই এই হাসপাতালের সেবাতে বিপুল সংখ্যক মানুষ বিশেষ করে মরণঘাতি ক্যান্সার থেকে সেরে এসেছেন। এ হাসপাতালের সেবা ছাড়াও ক্যান্সার নিয়ে সচেতনতামূলক কর্মসচী গ্রহণ করা হয়েছে। স্ক্রিনিং এর মাধ্যমে আগাম প্রতিরোধ বিষয়ে জ্ঞান লাভ করেছেন আগতরা। এক্ষেত্রে তিনি এই বিশাল প্রোজেক্টে সারা বিশ্বে কমিউনিটির সর্বস্তরের মানুষেল সংশ্লিষ্টতা, সমর্থন কামনা করেন।

আলহাজ্ব বদরুল হক এ ধরনের কর্মসূচী বাস্তবায়নে যারা এগিয়ে এসেছেন, তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন জানান এবং ভবিষ্যতেও এ ধরনের কর্মসূচী সমর্থন অব্যাহত থাকবে। সভায় আরও বক্তব্য রাখেন আবুল হোসেন, মোহাম্মদ এস রহমান বাবুল, শামসুল হক এবং আবুল কালাম।

# ব্রুকলীনে বিশাল নির্বাচনী জনসভা : আবারো কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠার প্রতিশ্রুতি

*(১২ এর পাতা থেকে)* জানান। এজন্য ভোটের দিন ভোট কেন্দ্রে গিয়ে প্যানেলের সকল প্রার্থীকে ভোট দেয়ার উপর গুরুত্বারোপ করেন বক্তারা। সভায় বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন। সভায় সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন সিদ্দিকী ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু ছাড়াও উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া ও কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক বোরহান উদ্দিন কফিল ও সদস্য সচিব জে মোল্লা সানি সহ বীর মুক্তিযোদ্ধা মনির হোসেন, জামান তপন, সৈয়দ আল আমীন রাসেল, মইনুল ইসলাম, মোহাম্মদ তুহিন প্রমুখ বক্তব্য রাখেন। সভা পরিচালনা করেন সাইফুল ইসলাম ও জসিম উদ্দিন।

# প্রতিপক্ষ বিজয়ী হলে সোসাইটি ৫০ বছর পিছিয়ে যাবে

*(১২ এর পাতা থেকে)* হয়। যৌথভাবে সভাটি পরিচালনা করেন ‘সেলিম-আলী’ প্যানেলের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব কাজী তোফায়েল ইসলাম ও সোসাইটির সাবেক যুগ্ম সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ। সভায় সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

এদিকে ‘সেলিম-আলী’ প্যানেলের পক্ষ থেকে জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ ধাঁনসিড়ি রেষ্টুরেন্টে রোববার সন্ধ্যায় এক বারবিকিউ পার্টির আয়োজন করা হয়।

# সভাপতি মাকসুদ, সাধারণ সম্পাদক আরিফ

*(শেষ পাতা থেকে)* চুড়ান্ত ফলাফল ঘোষণা দেখা জটিলতা। এমন পরিস্থিতিতে নির্বাচন কমিশন ‘চ্যালেঞ্জ ভোট’ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত চুড়ান্ত বা প্রাথমিক ফলাফল ঘোষণা না করে ‘অন্তবর্তী ফলাফল’ ঘোষণা করেন। এতে ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের প্রার্থীরা সভাপতি পদ সহ ১৩টি পদে এবং ‘তাহের-আরিফ’ প্যানেলের প্রার্থীরা সাধারণ সম্পাদক পদ সহ ৬টি পদে জয়ী হয়েছেন।

‘অন্তবর্তী ফলাফল’-এ মোতাবেক ‘মাকসুদ-মাসুদ’ প্যানেলের বিজয়ী প্রার্থীরা হলেন: সভাপতি- মাকসুদুল হক চৌধুরী, সিনিয়র সহ সভাপতি- মোহাম্মদ মুক্তাদির বিল্লাহ, সহ সভাপতি- আলী আকবর বাপ্পী ও মোহাম্মদ আইয়ুব আনসারী, যুগ্ম সাধারণ সম্পাদক- মোহাম্মদ হারুণ মিয়া, কোষাধ্যক্ষ- মোহাম্মদ সুমন উদ্দিন, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ ফরহাদ, দপ্তর সম্পাদক- শিমুল বড়ুয়া, সমাজকল্যাণ সম্পাদক- মোহাম্মদ আকতার হোসাইন এবং কার্যকরী সদস্য নূরস সোফা, মোহাম্মদ শাহ আলম ও মোহাম্মদ শওকত আলী।

‘তাহের-আরিফ’ প্যানেলের বিজয়ী প্রার্থীরা হলেন: সাধারণ সম্পাদক- মোহাম্মদ আরিফুল ইসলাম, সহকারী কোষ্যধ্যক্ষ- মোহাম্মদ নূরুল আমীন, সহকারী দপ্তর সম্পাদক- ইমরুল কায়সার, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক- মোহাম্মদ এনামুল হক চৌধুরী, প্রচার ও প্রকাশনা সম্পাদক- মোহাম্মদ জবের শফি এবং ক্রীড়া সম্পাদক- মোহাম্মদ ঈসা।

# বেবি পাউডার থেকে ক্যান্সার!

*(শেষ পাতা থেকে)* নির্দেশ দিয়েছেন। এখন পর্যন্ত কোম্পানির বিরুদ্ধে ৬২ হাজার মামলা দায়ের হয়েছে। মামলাকারীদের অভিযোগ, বেবি পাউডার থেকে ওভারিয়ান ও গাইনোলজিক্যাল ক্যান্সারে আক্রান্ত হচ্ছেন অনেকে। মামলার জেরে ২০২০ সালেই যুক্তরাষ্ট্রে বেবি পাউডার বিক্রি বন্ধ হয়।

# ফেডারেল অভিযোগ : মেয়র অ্যাডামসের

*(শেষ পাতা থেকে)* দ্বারা নির্যাতিত। তবে মেয়র এই অভিযোগে বিরুদ্ধে জিতবে বলেও আশাপ্রকাশ করেন ট্রাম্প। নৈশভোজে মেয়র অ্যাডামস ছাড়াও নিউইয়র্ক গভর্নর কেথি হোকুল, সিনেটর চাক শুমার, হাউজ স্পিকার মাইক জনসন, সাবেক মেয়র মাইক ব্লুমবার্গ এবং বিল ডি ব্লাসিওসহ অনেক রাজনৈতিক ব্যক্তি উপস্থিত ছিলেন।

অ্যাডামসের আবেদন প্রত্যাখ্যানে অনুরোধ প্রসিকিউটরদের

এদিকে ফেডারেল ঘুষ অভিযোগ প্রত্যাহারের নিউইয়র্ক মেয়র এরিক অ্যাডামসের আবেদন প্রত্যাখ্যানের অনুরোধ জানিয়েছে প্রসিকিউটররা। গত ১৮ অক্টোবর শুক্রবার প্রসিকিউটররা নিউইয়র্ক বিচারকের কাছে এই অনুরোধ জানান। প্রসিকিউটররা জানান, ফায়ার সেইফটি ছাড়া তুর্কি হাউজের উদ্বোধনীর জন্য এফডিএনওয়াইকে চাপ দেন মেয়র। এবং এর জন্য মেয়র অ্যাডামস তুর্কি অফিসারের কাছ থেকে বিনামূল্যে এয়ার টিকেট, তুর্কি ভ্রমন এবং তার তহবিল সংগ্রহে অর্থ প্রদানসহ বিভিন্ন সুযোগ সুবিধা ভোগ করেছে। প্রসিকিউটররা জানান, অ্যাডামস দাবি করেছেন সিটি এজেন্সিকে চাপে রাখতে হাজার হাজার ডলারের মূল্যের সুবিধা গ্রহণ একটি সাধারন রুটিন। তবে অ্যাডামসের জন্য যেটা রুটিন হতে পারে, তা আইনের অবৈধ বলে দাবি করেন তারা।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’
এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Moin Choudhury, Esq Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়
নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty of Western New York
155 Summer St Buffalo, NY 14222



SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

# LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

212-691-4343

*seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

# দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই




এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❏ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❏ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❏ ফটোকপি ৫ সেন্ট, ❏ ফ্যাক্স সার্ভিস, ❏ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❏ ফিল্ম প্রসেসিং

